

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ১৪২

-এ,


তারিখঃ ০৩ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ
১৭ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: বাংলাদেশের প্রধান বিচারপতি মাননীয় বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ মহোদয়ের পক্ষ হতে পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে ইফতার বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে ইফতার বিতরণের বিষয়ে বাংলাদেশের প্রধান বিচারপতি মাননীয় বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ মহোদয় সদয় অভিপ্রায় ব্যক্ত করেছেন।

উক্ত ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠান আগামী ১৯ মার্চ, ২০২৫ খ্রি. তারিখ বুধবার দুপুর ২.৩০ ঘটিকায় সুপ্রীম কোর্ট কনফারেন্স রুম (মূল ভবনের ২য় তলা)-এ অনুষ্ঠিত হবে।

এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের সকল শাখার সুপারিনটেনডেন্ট, মাননীয় বিচারপতি মহোদয়গণের সাথে কর্মরত ব্যক্তিগত কর্মকর্তা এবং সুপ্রীম কোর্ট রেজিস্ট্রার বিভিন্ন দপ্তরে কর্মরত ব্যক্তিগত কর্মকর্তা/ব্যক্তিগত সহকারী-কে তাদের স্ব স্ব শাখা/কোর্ট/চেম্বার/দপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের তালিকাসহ আগামী ১৯ মার্চ, ২০২৫ খ্রি. তারিখ বুধবার দুপুর ২.৩০ ঘটিকায় সুপ্রীম কোর্ট কনফারেন্স রুম (মূল ভবনের ২য় তলা)-এ উপস্থিত থেকে ইফতার গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(ড. আজিজ আহমদ ভূঞা)

রেজিস্ট্রার জেনারেল

ফোন: ০২-২২৩৩৮২৭৮৫।

ই-মেইলঃ rg@supremecourt.gov.bd